শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কসবা, ব্রাহ্মণবাড়িয়া ।

# নোটিশ

এতদ্বারা কসবা উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১০/১২/২০২৩ তারিখ ১১.০০ ঘটিকায় কমিটির সভা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ অনুষ্ঠিত হবে । জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় সভাপতিত্ব করবেন ।

নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট সকলকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল ।

আলোচ্য সূচীঃ
১ । গত সভায় কার্যবিবরণী অনুমোদন ও পাঠ ।
২ । গত সভার সিদ্ধান্ত পর্যালোচনা ।
৩ । স্যানিটেশনের মান উন্নয়ন সম্পর্কিত আলোচনা ।
৪ । বিবিধ ।

০৬/১২/২০২৩
(মো: শরীফুল ইসলাম)
সদস্য সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
ও
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কসবা, ব্রাহ্মণবাড়িয়া ।

স্মারক নং ঃ ৫২২(৬) তারিখ: ০৬/১২/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ
১ । চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া ।
২ । উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মনবাড়িয়া ।
৩ । ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া ।
৪ । চেয়ারম্যান, মূলগ্রাম ইউনিয়ন পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া ।
৫ । চেয়ারম্যান, বাদৈর ইউনিয়ন পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া ।
৬ । উপ-সহকারী প্রকৌশলী, এল.জি.ই.ডি, কসবা, ব্রাহ্মণবাড়িয়া ।

০৬/১২/২০২৩
(মো: শরীফুল ইসলাম)
সদস্য সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
ও
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কসবা, ব্রাহ্মণবাড়িয়া ।

CamScanner

# উপজেলা পরিষদ
কসবা, ব্রাহ্মণবাড়িয়া

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ মনির হোসেন,
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

**স্থানঃ ভাইস চেয়ারম্যান অফিস কক্ষ।**
**তারিখ ও সময়ঃ ১০/১২/২০২৩ইং , সকাল ১১.০০ ঘটিকায়।**

উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | সদস্যগণের পরিচিতি | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, মূলগ্রাম ইউনিয়ন পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া। | স্বাক্ষরিত/- |
| ০২ | চেয়ারম্যান, বাদৈর ইউনিয়ন পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া। | স্বাক্ষরিত/- |
| ০৩ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কসবা, ব্রাহ্মণবাড়িয়া। | স্বাক্ষরিত/- |
| ০৪ | উপ-সহকারী প্রকৌশলী, এল.জি.ই.ডি, কসবা, ব্রাহ্মণবাড়িয়া। | স্বাক্ষরিত/- |

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং কমিটির সদস্য সচিব উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং ২০২৩-২৪ ইং অর্থ বছরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরাধীন সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প হতে ১০ ইউনিয়নের জন্য বরাদ্দকৃত মোট ২৮০টি গভীর/অগভীর নলকূপের মধ্যে ২১০ টি নলকূপ স্থাপন কাজ সমাপ্ত হয়েছে বলে সভাকে জানানো হয়। তিনি আরো জানান যে, ২০২৩-২৪ ইং অর্থ বছরে বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৭টি দুই তলা ওয়াশ ব্লক নির্মাণ কাজ চলমান আছে। কসবা পৌরসভায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরাধীন ১৮ কি:মি: পাইপ লাইন স্থাপন কাজ চলমান। চলতি মাসে ০২ টি খোলা পায়খানার অভিযোগের তদন্ত করে সমাধান করা হয়েছে।

**বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হয়ঃ**

১। বরাদ্দকৃত নলকূপগুলি স্থাপন কাজ দ্রুত সমাপ্ত করতে হবে।
২। ওয়াশব্লক নির্মাণ কাজ দ্রুত শেষ করতে হবে।
৩। পাইপ লাইন স্থাপন কাজ দ্রুত শেষ করতে হবে।
৪। খোলা পায়খানা ব্যবহার রোধ করতে হবে।
৫। নব নির্মিত ওয়াশব্লক গুলি যেন সঠিক নিয়মে ব্যবহার করা হয় সে ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখার পরামর্শ দেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষণা করেন।

(মনির হোসেন)
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
তারিখঃ ১৫/১২/২০২৩

স্মারক নং: ৬২৪(৭)
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ
১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৩। উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।
৫। চেয়ারম্যান, মূলগ্রাম/বাদৈর ইউনিয়ন পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৬। উপ-সহকারী প্রকৌশলী, এল.জি.ই.ডি , কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৭। অফিস নথি।

১৫/১২/২০২৩
(মো: শরীফুল ইসলাম)
সদস্য সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
ও
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়
জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ
কসবা, ব্রাহ্মণবাড়িয়া

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি সভায় উপস্থিতির স্বাক্ষর ঃ

তারিখ ঃ ২০/১১/২০২৫ খ্রি

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ কসবা, ব্রাহ্মণবাড়িয়া | সভাপতি | ফাতেমা না সিদ্দিকী |
| ০২ | চেয়ারম্যান, গোপীনাথপুর ইউনিয়ন পরিষদ কসবা, ব্রাহ্মণবাড়িয়া | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, মূলগ্রাম ইউনিয়ন পরিষদ কসবা, ব্রাহ্মণবাড়িয়া | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান, বাদৈর ইউনিয়ন পরিষদ কসবা, ব্রাহ্মণবাড়িয়া | সদস্য | [signature] |
| ০৫ | শাখা ব্যবস্থাপক, সিদীপ, চারগাছ শাখা কসবা, ব্রাহ্মণবাড়িয়া | সদস্য (কো-অপ্ট) | [signature] |
| ০৬ | মোছাঃ নার্গিস আক্তার কসবা, ব্রাহ্মণবাড়িয়া | সদস্য (কো-অপ্ট) | |
| ০৭ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ কসবা, ব্রাহ্মণবাড়িয়া | সদস্য সচিব | [signature] |

CamScanner